

সারাদেশ

কিশোরগঞ্জে হাতকড়াসহ পালানো আ. লীগ নেতা গ্রেপ্তার



প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৫১ PM



কিশোরগঞ্জের কুলিয়ারচর উপজেলায় পুলিশের কাছ থেকে হাতকড়া পরা অবস্থায় পালিয়ে যাওয়া কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা মো. রেনু মিয়াকে নয় ঘণ্টার মধ্যে পুনরায় গ্রেপ্তার করেছে পুলিশ।

সোমবার (১৪ সেপ্টেম্বর) রাত ১০টার দিকে উপজেলার ছয়সূতি ইউনিয়নের মাধবদী এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার রেনু মিয়া মাধবদী এলাকার ইল্লাত মিয়ার ছেলে। তিনি ছয়সূতি ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, ২০২৪ সালের অভ্যুত্থানের সময় শিক্ষার্থীদের ওপর হামলার অভিযোগে কুলিয়ারচর থানায় রেনু মিয়ার বিরুদ্ধে একটি মামলা রয়েছে। ওই মামলার পর থেকে তিনি পলাতক ছিলেন।

সোমবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে নিজ বাড়িতে অভিযান চালিয়ে রেনু মিয়াকে গ্রেপ্তার করে পুলিশ। এ সময় খবর পেয়ে বাড়ির আশপাশে স্থানীয় লোকজন জড়ো হলেও কোনো ধরনের হটগোল হয়নি বলে জানিয়েছে পুলিশ। পরে একপর্যায়ে হাতকড়া পরা অবস্থায় পুলিশের কাছ থেকে পালিয়ে যান রেনু মিয়া।

তাকে ধরতে তাৎক্ষণিকভাবে অভিযান শুরু করে পুলিশ। প্রায় নয় ঘণ্টা পর রাত ১০টার দিকে মাধবদী এলাকায় অভিযান চালিয়ে তাকে পুনরায় গ্রেপ্তার করা হয়।

কুলিয়ারচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাজী আরিফ উদ্দিন বলেন, “রেনু মিয়াকে পুনরায় গ্রেপ্তার করা হয়েছে। তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।”

এ বিভাগের আরও খবর



রাউজের ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাউজের ইয়াবাসক্ত ছেলের অত্যাচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি হিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেজ কক্ষ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেজ কক্ষ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/kishorgnje-hatkrash-palano-a-lig-neta-greptar>